গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ২৮ মে ২০১৫, ১৪ জ্যৈষ্ঠ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আগামীতে যুদ্ধ বিমান তৈরি করবে বাংলাদেশ : প্রধানমন্ত্রী

২। জাতীয় সংসদের ব্যয়ের জন্য বাজেট অনুমোদন
: সংসদ ভবনের মূল নকশা দ্রুত সংগ্রহের নির্দেশ প্রধানমন্ত্রীর

৩। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১২টি প্রস্তাব অনুমোদন

৪। মানব পাচার মামলার বিচার হবে বিশেষ ট্রাইব্যুনালে : আইনমন্ত্রী

৫। নৌপথে যোগাযোগ বাড়ানোর আহ্বান : ঢাকা চেম্বারে বৈঠক

৬। পাইলিংয়ে রাস্তায় ধস : ঝুঁকিতে সুন্দরবন হোটেল

৭। উপকূল অঞ্চল রক্ষায় ৮৭ লাখ ডলার দেবে ইউএনডিপি

৮। আলী আহসান মোহাম্মদ মুজাহিদের আপিলের চূড়ান্ত রায় ১৬ জুন : যুদ্ধাপরাধের মামলা

৯। শিশুদের জন্য বিশ্বমানের বিশেষায়িত ৩টি ঢাকায়

১০। শিক্ষার্থীর ভর্তির কলেজ নির্ধারণ করবে বোর্ড : একাদশ শ্রেণির ভর্তিতে নতুন নিয়ম

১১। প্রসব ঝুঁকিতে ৮৩ শতাংশ প্রসূতি : আজ নিরাপদ মাতৃত্ব দিবস

চলমান পাতা/২

১।	আগামীতে যুদ্ধ বিমান তৈরি করবে বাংলাদেশ : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ আগামীতে যুদ্ধবিমান তৈরি করবে। গতকাল ২৭ মে বুধবার তেজগাঁওয়ে বিমান বাহিনীর ঘাঁটি বাশার-এ এল-৪১০ পরিবহণ প্রশিক্ষণ বিমানের অন্তর্ভুক্তি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, আমরা আগামীতে নিজেদের উদ্যোগে যুদ্ধবিমান তৈরি করতে সক্ষম হবো, ইনশাআল্লাহ। শিগগিরই রাশিয়া থেকে লোন প্রটোকলের আওতায় ওয়াই এ কে-১৩০ অ্যাডভান্সড জেট ট্রেইনার বাংলাদেশ বিমান বাহিনীতে অন্তর্ভুক্ত হতে যাচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আমরা স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে বিমান বাহিনীকে আরো আধুনিকায়নের মাধ্যমে কৌশলগত দিক থেকে একটি সুদৃঢ়, শক্তিশালী ও কার্যকর বাহিনী হিসেবে গড়ে তুলতে সক্ষম হবো। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (পৃ.৩,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২)।

২।	জাতীয় সংসদের ব্যয়ের জন্য বাজেট অনুমোদন

: সংসদ ভবনের মূল নকশা দ্রুত সংগ্রহের নির্দেশ প্রধানমন্ত্রীর

আগামী ২০১৫-১৬ অর্থবছরে জাতীয় সংসদের ব্যয়ের জন্য ২০৩ কোটি ৭৮ লাখ ৪৩ হাজার টাকার বাজেট অনুমোদন দেওয়া হয়েছে। গতকাল ২৭ মে বুধবার স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত সংসদ সচিবালয় কমিশনের বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। বৈঠকে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত ছিলেন। এ সময় তিনি জাতীয় সংসদ ভবনের মূল নকশা দ্রুত সংগ্রহের নির্দেশ দেন। বৈঠকে সংসদের মূল ভবনের প্রবেশমুখে নকশা প্রদর্শনীর সিদ্ধান্ত নেওয়া হয়। নকশা সংগ্রহের জন্য ৪ লাখ ৫৯ হাজার ডলার ব্যয়ের প্রস্তাব উত্থাপন করা হয়। সূত্র-সংবাদ (পৃ.২,ক.৪), প্রথম আলো (পৃ.৩,ক.৮), যায়যায়দিন (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.৬)।

৩।	সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১২টি প্রস্তাব অনুমোদন

ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্পের আওতায় ছয়টি প্যাকেজের ভেরিয়েশন প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে গতকাল ২৭ মে বুধবার সচিবালয়ে অনুষ্ঠিত বৈঠকে মোট ১২টি ক্রয় প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মোস্তাফিজুর রহমান সাংবাদিকদের জানান, ঢাকার উত্তরার ১৮নং সেক্টরে 'স্বল্প ও মধ্যম আয়ের জনগোষ্ঠীর জন্য অ্যাপার্টমেন্ট নির্মাণ' প্রকল্পের প্যাকেজ-ডি এর আওতায় একটি বেসমেন্টসহ ১৬ তলা বিশিষ্ট ৮টি ভবন নির্মাণের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এক হাজার ২৫০ ফুট আয়তনের 'এ' টাইপের এই ৮টি ভবনে মোট ফ্ল্যাট সংখ্যা হচ্ছে ৬৭২টি। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.১), প্রথম আলো (পৃ.১৩,ক.৬), যুগান্তর (পৃ.২,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

৪।	মানব পাচার মামলার বিচার হবে বিশেষ ট্রাইব্যুনালে : আইনমন্ত্রী

মানব পাচার নিয়ে বর্তমানে ৫৫৭টি মামলা দায়ের হয়েছে। এর মধ্যে ২৫৭টি মামলায় অভিযোগ দাখিল করা হয়েছে। বিচার হয়েছে ১২টি মামলার। গতকাল ২৭ মে বুধবার সচিবালয়ে সাংবাদিকদের এ তথ্য জানান আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক। তিনি বলেন, মানব পাচার মামলার বিচারের জন্য বিশেষ ট্রাইব্যুনাল গঠনে আমরা আনুষ্ঠানিক প্রস্তাব পাঠিয়েছি। আইনমন্ত্রী বলেন, সাত বিভাগে একটি করে ট্রাইব্যুনাল হবে। জেলায় জেলায় না হয়ে বিভাগীয় পর্যায়ে মানব পাচারের মামলাগুলোর বিচার হলে 'ভিকটিমদের' বিচার পাওয়া সহজ হবে। মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল চালানোর জন্য কোনো বিধি প্রণয়নের প্রয়োজন হলে তাও করা হবে বলে জানান তিনি। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.২), সংবাদ (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৫), ডেইলি সান (পৃ.১,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২)। ইন্ডিপেনডেন্ট এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫।	নৌপথে যোগাযোগ বাড়ানোর আহ্বান : ঢাকা চেম্বারে বৈঠক

দেশের ব্যবসা-বাণিজ্যের উন্নয়নে দ্রুত গভীর সমুদ্রবন্দর নির্মাণ ও নৌপথে যোগাযোগ বাড়ানোর আহ্বান জানিয়েছেন ব্যবসায়ীরা। গতকাল ২৭ মে বুধবার ঢাকা চেম্বার আয়োজিত 'সমুদ্র পথে আন্তঃযোগাযোগ বৃদ্ধি : বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের সম্ভাবনা' শীর্ষক সেমিনারে এসব কথা বলেন ব্যবসায়ী নেতারা। ঢাকা চেম্বার অডিটোরিয়ামে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন নৌপরিবহণ মন্ত্রী শাজাহান খান। নৌপরিবহণ মন্ত্রী বলেন, পায়রা গভীর সমুদ্রবন্দর আগামী ২০১৮ সালে চালু হবে এবং ২০২৩ সালে সম্পূর্ণ নির্মাণ কাজ শেষ হবে। দেশের অভ্যন্তরে নৌপথে যোগাযোগ বাড়াতে ৫৩টি নদী খননের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তিনি দেশের ব্যবসায়ীদের জাহাজে পণ্য পরিবহণের জন্য বিনিয়োগের আহ্বান জানান। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.৭), প্রথম আলো (পৃ.১২,ক.৪), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), নিউ নেশন (শেষ পৃ.,ক.৮), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.২)।

৬।	পাইলিংয়ে রাস্তায় ধস : ঝুঁকিতে সুন্দরবন হোটেল

ঢাকার ঐতিহ্যবাহী সুন্দরবন হোটেলের ভবন ঝুঁকিপূর্ণ অবস্থা বিরাজ করছে। এর পার্শ্ববর্তী ন্যাশনাল ব্যাংক লিমিটেড টুইন টাওয়ারের নির্মাণাধীন ভবনের পাইলিংয়ের জন্য খোঁড়া গর্তে বীর উত্তম সি আর দত্ত সড়কের ১২০ ফুট

রাস্তা ও হোটেলের সীমানাপ্রাচীর ধসে পড়েছে। ঝুঁকির মধ্যে থাকা হোটেল থেকে সবাইকে সরিয়ে নিয়েছে কর্তৃপক্ষ। গতকাল ২৭ মে বুধবার সকাল সাড়ে ৭টায় এ ঘটনা ঘটে। তবে এ ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। এলাকাজুড়ে ভবন ধস আতঙ্ক বিরাজ করছে। সূত্র-সংবাদ (পৃ.১,ক.১), যুগান্তর (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.৫)। ইত্তেফাক, জনকণ্ঠ, যায়যায়দিন, ডেইলি সান, নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। উপকূল অঞ্চল রক্ষায় ৮৭ লাখ ডলার দেবে ইউএনডিপি

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব থেকে বাংলাদেশের উপকূলীয় এলাকাকে রক্ষার লক্ষ্যে গৃহীত তিনটি প্রকল্পের জন্য ৮ দশমিক ৭৫ মিলিয়ন বা সাড়ে ৮৭ লাখ ডলার দেবে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)। এ প্রকল্পগুলো বাংলাদেশের জাতীয় পর্যায়ে বৃক্ষ নিধনের (আরইডি) কারণে সৃষ্ট পরিবেশ বিপর্যয় রোধ এবং কার্বন নিঃসরণের মাত্রা হ্রাস করতে জাতিসংঘের সহযোগিতা উদ্যোগের অংশ। এ লক্ষ্যে গতকাল ২৭ মে বুধবার রাজধানীর শেরেবাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগে (ইআরডি) আয়োজিত অনুষ্ঠানে ইউএনডিপি বাংলাদেশ ইআরডি এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), নিউ নেশন (শেষ পৃ.,ক.৪), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.১), নিউজ টুডে (পৃ.৩,ক.৫)।

৮। আলী আহসান মোহাম্মদ মুজাহিদের আপিলের চূড়ান্ত রায় ১৬ জুন : যুদ্ধাপরাধের মামলা

যুদ্ধাপরাধ ট্রাইব্যুনালের ফাঁসির রায়ের বিরুদ্ধে জামায়াত নেতা আলী আহসান মোহাম্মদ মুজাহিদের আপিলের রায় ১৬ জুন ঘোষণা করবে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। আসামি ও রাষ্ট্রপক্ষের আইনজীবীদের শুনানি গ্রহণ করে প্রধান বিচারপতি এস কে সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের চার বিচারপতির বেঞ্চ গতকাল ২৭ মে বুধবার এ রায় ঘোষণার জন্য এ দিন ধার্য করে দেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.১,ক.১), যুগান্তর (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬)।

৯। শিশুদের জন্য বিশ্বমানের বিশেষায়িত ওটি ঢাকায়

ঢাকার আগারগাঁওয়ে জাতীয় চক্ষুবিজ্ঞান ইন্সটিটিউট ও হাসপাতালে উদ্বোধন হলো শিশুদের জন্য বাংলাদেশে জাতীয় পর্যায়ে প্রথম বিশ্বমানের বিশেষায়িত অপারেশন থিয়েটার। গতকাল ২৭ মে বুধবার এটি উদ্বোধন করেন জাতীয় চক্ষুবিজ্ঞান ইন্সটিটিউট ও হাসপাতালের পরিচালক ও ন্যাশনাল আই কেয়ারের লাইন ডিরেক্টর অধ্যাপক জালাল আহমেদ। জাতীয় চক্ষুবিজ্ঞান ইন্সটিটিউট ও হাসপাতাল এবং অরবিস মনে করছে, এ অপারেশন থিয়েটারটি বাংলাদেশে শিশুদের চক্ষুরোগ চিকিৎসায় একটি মাইলফলক সৃষ্টি করবে। তারা বলছে, এখান থেকে শিশুদের বিনামূল্যে আন্তর্জাতিক মানের সেবা দেওয়া যাবে। সূত্র-যায়যায়দিন (পৃ.৩,ক.৬), ডেইলি সান (পৃ.২,ক.৬), নিউজ টুডে (পৃ.৩,ক.১), নিউ নেশন (পৃ.৩,ক.৪)।

১০। শিক্ষার্থীর ভর্তির কলেজ নির্ধারণ করবে বোর্ড : একাদশ শ্রেণির ভর্তিতে নতুন নিয়ম

একাদশ শ্রেণিতে শিক্ষার্থীরা কোন কলেজে ভর্তি হবে-তা নির্ধারণ করবে শিক্ষা বোর্ড। অনলাইনে শিক্ষার্থীর আবেদনের পছন্দক্রম থেকে একটি কলেজ নির্ধারণ করা হবে, যেখানে শিক্ষার্থীকে ভর্তি হতে হবে। আর ভর্তির পুরো কাজটি হবে অনলাইনে। ২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তি সামনে রেখে এ সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয় এবং আন্তশিক্ষা বোর্ডগুলো। ৩০ মে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফল প্রকাশিত হলেই শুরু হবে কলেজগুলোতে একাদশ শ্রেণিতে ভর্তির কাজ। ভর্তির মূল যোগ্যতা হবে আগের মতোই এসএসসির ফল। জানতে চাইলে বিষয়টি নিশ্চিত করে শিক্ষা সচিব নজরুল ইসলাম খান সংবাদ মাধ্যমকে বলেন, এর ফলে শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের অর্থ যেমন সাশ্রয় হবে, তেমনি নানা ধরনের হয়রানিও কমবে। সূত্র-প্রথম আলো (শেষ পৃ.,ক.৫) এ বিষয়ে বিস্তারিত খবর ছেপেছে।

১১। প্রসব ঝুঁকিতে ৮৩ শতাংশ প্রসূতি : আজ নিরাপদ মাতৃত্ব দিবস

দেশে প্রতি ঘণ্টায় মারা যাচ্ছে একজন প্রসূতি মা। সরকারি-বেসরকারি বিভিন্ন স্তরে জরুরি প্রসূতিসেবা কার্যক্রম চালু থাকলেও এখনো শতকরা ৮৩ ভাগ প্রসব হচ্ছে অদক্ষ দাইয়ের হাতে। যার কারণে ৮০ ভাগ মা ও শিশুই থাকছে প্রসব ঝুঁকিতে। শুধু তাই নয়, যারা চিকিৎসা সেবা নিতে যাচ্ছেন স্বাস্থ্যকেন্দ্রে তারাও সঠিক সেবা পাচ্ছেন না বলে অভিযোগ রয়েছে। যার কারণে নিশ্চিত হচ্ছে না নিরাপদ মাতৃত্ব। দেশের এ পরিস্থিতিতে এ বছর পালিত হচ্ছে নিরাপদ মাতৃত্ব দিবস। এ দিবসের উদ্দেশ্য হচ্ছে - হাসপাতালে সন্তান প্রসব করানোর জন্য গণসচেতনতা সৃষ্টি করা। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.৬), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৫), ইত্তেফাক (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো : বিনা বিচারে ও ষড়যন্ত্রমূলক মামলায় কারাবন্দি দরিদ্র নারীদের পাশে দাঁড়াতে প্রধান বিচারপতির আহ্বানে আইনজীবীরা সাড়া দিয়ে তাদের আইনি সহায়তা দিবে বলে প্রত্যাশা ব্যক্ত;

খ. ইত্তেফাক : সুশাসন ও গণতন্ত্র প্রতিষ্ঠায় ও দুর্নীতিমুক্ত সমাজ বিনির্মাণে তথ্য অধিকারের গুরুত্ব অপরিসীম উল্লেখ করে তথ্য কমিশনকে তথ্য অধিকার আইনের ব্যাপারে জনগণকে আরও সচেতন করে তোলার আহ্বান;

গ. জনকণ্ঠ : দেশে দারিদ্র্য বিমোচনে বিভিন্ন প্রকল্প কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক হবে উল্লেখ করে এর সফলতা কামনা;

ঘ. সমকাল : পাবনা জেলার ৬১টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনের জীর্ণদশার কারণে শিক্ষার্থীরা খোলা আকাশের নিচে পড়াশুনা করতে বাধ্য হচ্ছে এ খবরে উদ্বেগ প্রকাশ করে বিদ্যালয় ভবন নির্মাণে ও সংস্কারে সরকারের পাশাপাশি বিভিন্ন ব্যক্তি ও বেসরকারি সংস্থাকে এগিয়ে আসার আহ্বান;

ঙ. ইনকিলাব : পরিবহণ সেক্টরের নৈরাজ্য ও দুর্নীতি দূর করতে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি;

চ. ইন্ডিপেনডেন্ট : দেশকে তথ্য প্রযুক্তি খাতে আরও এগিয়ে নিতে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে তথ্য প্রযুক্তি শিক্ষা জোরদার করার ওপর গুরুত্বারোপ;

ছ. বাংলাদেশ টুডে : শিল্পখাতে দক্ষ শ্রমিক গড়ে তুলতে যথাযথ প্রশিক্ষণের বিকল্প নেই বলে মন্তব্য;

জ. ফিনানশিয়াল এক্সপ্রেস : পরিবহণ খাতে বারবার ধর্মঘট ডাকাকে দেশের অর্থনীতি ও মানুষের যাতায়াতের দুর্ভোগের কারণ উল্লেখ করে আন্দোলনের জন্য ক্ষতিকর নয় এমন পন্থা অবলম্বনের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে রাজনৈতিক নেতৃত্ব নীতি নির্ধারণ করে অর্থনৈতিক জীবনযাপনকে জবাবদিহিতার আওতায় এনে সুশৃঙ্খল, সুশোভন ও সুবিন্যস্ত করবে বলে মত প্রকাশ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত ‘স্বপ্ন ও সাফল্যের সোপানে বাংলাদেশ’ শিরোনামের নিবন্ধে সুমি খান জনসংখ্যা বৃদ্ধির কারণে ফসলি জমির পরিমাণ ব্যাপকভাবে কমে গেলেও উন্নত প্রযুক্তিতে চাষ ও বিতরণের কারণে দেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ বলে অভিমত প্রকাশ করেছেন।

#

মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা